

# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 23 April, 2025

চোরাচালান বিরোধী অভিযানে সাতক্ষীরা ও কলারোয়া সীমান্ত থেকে সাড়ে সাত লক্ষ টাকার ভারতীয় মালামাল জব্দ করেছে বিজিবি। মঙ্গলবার রাতে ও বুধবার সকালে জেলার তলুইগাছা, ঝাউডাঙ্গা, কাকডাঙ্গা, মাদরা ও সুলতানপুর সীমান্ত এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে এসব মালামাল আটক করা হয়। তবে এসময় কাউকে আটক করা সম্ভব হয়নি বলে জানিয়েছে বিজিবি। বুধবার দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান সাতক্ষীরা - ৩৩ব্যাটেলিয়ান বিজিবি অধিনায়ক লে. কর্নেল আশরাফুল হক।

তিনি জানান, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তলুইগাছা থেকে ২ লক্ষ ৮০ হাজার টাকা মূল্যের ভারতীয় ঔষধ, ঝাউডাঙ্গা থেকে ২ লক্ষ ১০ লক্ষ টাকা মূল্যের ভারতীয় ঔষধ, কাকডাঙ্গা থেকে ৯০ হাজার টাকা মূল্যের ভারতীয় বাইসাইকেল ও শাড়ি, মাদরা থেকে ৭০ হাজার টাকা মূল্যের ভারতীয় ঔষধ ও, সুলতানপুর থেকে ৭০ হাজার টাকা মূল্যের ভারতীয় ঔষধ আটক করা হয়।

তিনি আরো জানান, আটককৃত ভারতীয় মালামালের মূল্য সাত লক্ষ বিশ হাজার টাকা। জব্দকৃত ভারতীয় মালামাল সাতক্ষীরা কাস্টমস এ জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

বিজিবি সীমান্ত এলাকা ভারতীয় মাল জব্দ

URL: <https://timestodaybd.com/khulna/7758071339>